

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)  
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।  
[www.banbeis.gov.bd](http://www.banbeis.gov.bd)

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১১২.২৪/ ৪৯

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
২৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৪ এর আওতায় ইআইআইএন (EIIN) বিহীন শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, স্কুল এন্ড কলেজ, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ভোকেশনাল এবং কওমী মাদ্রাসা) তথ্য সংগ্রহের নির্দেশনা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) পরিচালিত বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ (অনলাইন) ২০২৪ এর আওতায় আগামী ০১ অক্টোবর ২০২৪ তারিখ থেকে দেশের প্রাথমিকোত্তর স্তরের সকল ক্যাটাগরীর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যসংগ্রহ কার্যক্রম শুরু হবে। শিক্ষা জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্য প্রক্রিয়াকরণ করে ব্যানবেইস প্রতি বছর Bangladesh Education Statistics শিরোনামে প্রতিবেদন প্রকাশ করে আসছে। উক্ত প্রতিবেদনের মাধ্যমে দেশের শিক্ষা বিস্তারের সামগ্রিক চিত্র তুলে ধরা হয়, বিধায় প্রতিবেদনের তথ্যের আলোকে শিক্ষা সেক্টরের মানোন্নয়নের লক্ষ্যে যথাযথ পরিকল্পনা প্রণয়নসহ যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হয়।

২। দেশের প্রাথমিকোত্তর স্তরের সকল ক্যাটাগরীর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য [ইআইআইএন (EIIN) ভুক্ত ও ইআইআইএন (EIIN) বিহীন] ব্যানবেইস এর সার্ভারে অন্তর্ভুক্ত না হলে ব্যানবেইস কর্তৃক প্রকাশিত Bangladesh Education Statistics এর প্রতিবেদনে শিক্ষার সামগ্রিক চিত্র তুলে ধরা সম্ভব হয় না, বিধায় SDG4 বাস্তবায়ন অগ্রগতিসহ শিক্ষা সংশ্লিষ্ট প্রধান কৃতকর্ম নির্দেশক (Key Performance Indicators) এবং UNESCO INSTITUTE for STATISTICS (UIS) সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থায় দেশের শিক্ষা সেক্টরের প্রকৃত চিত্র প্রতিফলিত হয় না, ফলে E-Government Development Index (EGDI) ও অন্যান্য আন্তর্জাতিক সূচকে বাংলাদেশ এর সঠিক অবস্থান নির্ণয় করা সম্ভব হয় না। তাই দেশের সকল ইআইআইএন (EIIN) ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি ইআইআইএন (EIIN) বিহীন প্রাথমিকোত্তর স্তরের সকল ক্যাটাগরীর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে আপলোড হওয়া অত্যাবশ্যিক।

৩। বর্ণিতাবস্থায়, ব্যানবেইস গত বছরের ন্যায় এ বছরও ইআইআইএন (EIIN) ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি ইআইআইএন (EIIN) বিহীন প্রাথমিকোত্তর স্তরের সকল ক্যাটাগরীর শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, স্কুল এন্ড কলেজ, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ভোকেশনাল এবং কওমী মাদ্রাসা) তথ্য সংগ্রহের উদ্যোগ গ্রহণ করেছে। ব্যানবেইস এর ওয়েবসাইটে ([www.banbeis.gov.bd](http://www.banbeis.gov.bd)) শিক্ষা জরিপ ২০২৪ এ প্রবেশ করে আগামী ০১-৩১ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে ইআইআইএন (EIIN) বিহীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে তথ্য প্রদানের জন্য নির্দেশনা দেয়ার অনুরোধ করা হলো।



(মো: মজিবুর রহমান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: +৮৮-০২- ৪১০৬০৭০৭

E-mail: [dg@banbeis.gov.bd](mailto:dg@banbeis.gov.bd)

বিতরণ কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (সকল অঞ্চল);
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (সকল অঞ্চল);
- ৩। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ৪। উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
- ৫। সহকারী প্রোগ্রামার (সকল), ইউআইটিআরসিই, ব্যানবেইস।

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১১২.২৪/ ৪৯/৩)ম

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
২৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

- ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
- ৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড;
- ৭। অফিস নথি।